

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৪.২২.২৮৫

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৯

৩১ আগস্ট ২০২২

বিষয়: বাংলাদেশ সুপ্রীম কোর্টের মাননীয় হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নম্বর ৫৪৪/২০১৯ মামলার
পরিচালনা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চট্টগ্রামে বোরকা পরায় স্কুলছাত্রী ও অভিভাবককে নাজেহাল করায় আল্লামা মুহাম্মদ মাহবুব আলম, পিতা-মৃত-মোফাজ্জল হক মৃধা, ৫ আউটার সার্কুলার রোড, রাজারবাগ, শাহজাহানপুর, ঢাকা, বাংলাদেশ সুপ্রীম কোর্টের মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নম্বর ৫৪৪/২০১৯ মামলাটি দায়ের করেন। রিট মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও অন্যান্যকে বিবাদী করা হয়।

০২। রিট পিটিশন নম্বর ৫৪৪/২০১৯ মামলাটির বিষয়ে গত ০১.০৮.২০১৯খ্রি. তারিখে ৩৭.০০.০০০০.০৩১.০৪.০২২.১৯-২৮৭ সংখ্যক স্মারকে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে এ বিভাগকে অবহিত করার জন্য পত্র দেয়া হয়।

০৩। রিট পিটিশন নম্বর ৫৪৪/২০১৯ মামলাটির ১১.০৮.২০২২খ্রি. তারিখের আদেশে ১নং বিবাদী সচিব মহোদয়কে নিজ কর্তৃপক্ষের মাধ্যমে তদন্ত করার জন্য নির্দেশ দেয়া হয়েছে। আবেদনের সাথে Annexure-'F'-এ উল্লিখিত ঘটনার বিষয়ে তদন্তপূর্বক ৬০ দিনের মধ্যে প্রতিবেদন অর্থাৎ ১৬.১০.২০২২খ্রি. তারিখের মধ্যে অ্যাটর্নি জেনারেল অফিসে জমা দেয়ার জন্য মাননীয় হাইকোর্ট বিভাগ জানিয়েছেন।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নম্বর ৫৪৪/২০১৯ মামলাটির ১১.০৮.২০২২খ্রি. তারিখের আদেশের সাথে Annexure-'F'-এ উল্লিখিত ঘটনার বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩১-৮-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ফ্যাক্স: ৯৫১৪১১৪

ইমেইল: info@moedu.gov.bd

মহাপরিচালক


মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৪.২২.২৮৫/১(৫)

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৩১-৮-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব